ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৬২০
আগরতলা, ৮ জুলাই, ২০২৫

**আগামীকাল সারা রাজ্যে প্রাকৃতিক বিপর্যয় বিষয়ে মহড়া**
**পশ্চিম ত্রিপুরা জেলায় ১২টি স্থানে মহড়া হবে : জেলাশাসক**

আগামীকাল সারা রাজ্যে প্রাকৃতিক বিপর্যয় অর্থাৎ ভূমি ধ্বস ও বন্যা মোকাবিলা বিষয়ে মেগা মহড়া অনুষ্ঠিত হবে। রাজ্যভিত্তিক মূল মেগা মহড়াটি আয়োজিত হবে আগরতলায়। এই মেগা মহড়ার ষ্টেজিং এরিয়া রাখা হয়েছে হাঁপানিয়া মেলা গ্রাউন্ডের মাল্টিপারপাস হল। এখানে সকাল সাড়ে সাতটার মধ্যে জেলা প্রশাসন, অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা, পূর্ত, স্বাস্থ্য, প্রাণীসম্পদ, মৎস্য, পুলিশ, বিএসএফ, সিআরপিএফ, আসাম রাইফেলস, মিলিটারি, এনডিআরএফ প্রভৃতি বাহিনীর জওয়ান ও পদস্থ আধিকারিকগণ জমায়েত হবেন। আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানান।

তিনি জানান, পশ্চিম ত্রিপুরা জেলার মোট ১২টি স্থানে এই মেগা মহড়া অনুষ্ঠিত হবে। এর মধ্যে ভূমি ধ্বসের মহড়া অনুষ্ঠিত হবে মান্দাই ব্লকের ডনবস্কো স্কুল প্রাঙ্গণে, বেহালাবাড়ি ব্লকের সতীশ ব্রিক ফিল্ডে ও হেজামারা ব্লকের সুবল সিং এই তিনটি স্থানে। বন্যা মোকাবিলার বিষয়ে মহড়া অনুষ্ঠিত হবে পূর্ব নোয়াগাঁও, বড়জলা বীনাপানী দ্বাদশ শ্রেণি বিদ্যালয়, গামছা কোবরা ভিলেজে, রাঙাছড়া পঞ্চায়েতে, ভাগলপুর গ্রাম পঞ্চায়েতের লেকে, আনন্দনগর বোট পার্কে, বিদ্যাসাগর লেকে, এমবিবি কলেজ লেকে এবং আইজিএম হাসপাতাল প্রাঙ্গণে। তিনি জানান, ২০২৪ সালের আগষ্ট মাসে সারা রাজ্যে ভয়াবহ বন্যা হয়েছিল। এতে ভূমিধ্বসের বহু ঘটনা ঘটেছিল। এর আগাম প্রস্তুতির জন্যই আগামীকাল এই মেগা মহড়া আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। এতে জনসাধারণের আতঙ্কিত হবার কোন কারণ নেই। এটি শুধুমাত্র একটি মহড়া মাত্র। এতে সব জিনিস নিয়ন্ত্রণে থাকবে। তিনি জানান, আজ এবিষয়ে পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কনফারেন্স হলে রাজ্যভিত্তিক টেবিল টক একসারসাইজ আয়োজিত হয়। এই প্রস্তুতি সভায় ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির রিটায়ার্ড মেজর জেনারেল সুধীর বহেল, পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার ছাড়াও রাজ্য ও জেলাস্তরের পদস্থ আধিকারিকগণ ও রাজ্য ও কেন্দ্রীয় আরক্ষা বাহিনীর পদস্থ আধিকারিকগণ অংশ নেন। তিনি বলেন, আগামী কালকের এই মেগা মহড়া যাতে ভালোভাবে হয় এলক্ষ্যেই এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

******